



# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

মুর্শিদাবাদ জেলা শাখা

বিজ্ঞান অভী(১) ২০২৪

সময় : ১ ঘ. ৪০ মি.


দশম শ্রেণি

পূর্ণমান - ১০০


নাম / Name .....

## OMR উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

- ১) এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।
- ২) চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়নের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়। ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩) অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।
- ৪) OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশনটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।
- ৫) প্রতি প্রশ্নের উত্তর A, B, C, D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।
- ৬) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1, 2, 3 থেকে শুরু করে 50 পর্যন্ত।
- ৭) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে এঁ কাগজে রাফ করবে।
- ৮) OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে।
- ৯) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

1. স্কুলে শ্রেণি কক্ষে পিছনের বেঞ্চে বসে তুমি দেখলে তোমার পাশের বন্ধু ভালোভাবে দেখে বই পড়তে পারছে, কিন্তু বোর্ডে স্যারের লেখা পড়তে পারছে না। তাহলে তোমার বন্ধুকে কোন চশমা ব্যবহার করতে হবে—  
A) উত্তল লেন্সের চশমা B) অবতল লেন্সের চশমা  
C) উত্তোবতল লেন্সের চশমা D) স্বচ্ছ কাচের চশমা।
2. প্রতিবর্ত ক্রিয়ার জন্য নিচের কোন ক্রমটি সঠিক—  
A) গ্রাহক → আঞ্জাবহ স্নায়ু → ধূসর বস্তু → সংজ্ঞাবহ স্নায়ু → কারক  
B) কারক → সংজ্ঞাবহ স্নায়ু → ধূসর বস্তু → আঞ্জাবহ স্নায়ু → গ্রাহক  
C) গ্রাহক → সংজ্ঞাবহ স্নায়ু → ধূসর বস্তু → আঞ্জাবহ স্নায়ু → কারক  
D) গ্রাহক → ধূসর বস্তু → আঞ্জাবহ স্নায়ু → কারক
3. তুমি দিনের বেলা বাড়ির ছাদ থেকে নীচে নেমে একটি অঙ্কার ঘরে প্রবেশ করে কিছু খোঁজার চেষ্টা করলে তখন তোমার চোখের তারারস্ত্র—  
A) সঙ্কুচিত হবে B) প্রসারিত হবে C) কোন পরিবর্তন হবে না D) বন্ধ হয়ে যাবে।
4. Aa Bb Cc জিনোটাইপ থেকে কত প্রকার গ্যামেট উৎপন্ন হতে পারে—  
A) 2 B) 4 C) 6 D) 8
5.  a, b, c, d চিহ্নিত অংশগুলি হল—  
A) a → করপাস ক্যালোসাম, b → লঘুমস্তিষ্ক c → মধ্য মস্তিষ্ক d → থ্যালামাস  
B) a → করপাস ক্যালোসাম, b → লঘুমস্তিষ্ক c → পনস d → থ্যালামাস  
C) a → থ্যালামাস, b → লঘুমস্তিষ্ক c → হাইপোথ্যালামাস d → মধ্যমস্তিষ্ক  
D) a → করপাস ক্যালোসাম, b → থ্যালামাস c → হাইপোথ্যালামাস d → মধ্যমস্তিষ্ক

X(২)

6.  পাশের চিত্রটি তোমার মতে কোন সরীসৃপ জাতীয় প্রাণীর হৃৎপিণ্ড হতে পারে—  
 A) টিকটিকি  
 B) গিরগিটি  
 C) কচ্ছপ  
 D) কুমীর।
7. নিচের বাম স্তম্ভ ও ডান স্তম্ভ মিলিয়ে সঠিক উত্তরটি নির্দেশ কর —  

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
a) আর্সেনিক	i) মৃত্তিকা ও বায়ু দূষণ
b) মিথেন	ii) ডিসলেপ্সিয়া
c) সিসা দূষণ	iii) ব্ল্যাকফুট
d) জীব বিবর্ধন	iv) DDT


 A) a – (iv), b – (i), c – (ii), d – (iii)      B) a – (iii), b – (i), c – (ii), d – (iv)  
 C) a – (iv), b – (iii), c – (ii), d – (i)      D) a – (ii), b – (ii), c – (iii), d – (i)
8. আদর্শ গ্যাসের সমীকরণে গ্যাসের আয়তন বলতে বোঝায়—  
 A) গ্যাসের অণুগুলির মোট আয়তন      B) গ্যাস যে পাত্রে আছে তার আয়তন  
 C) গ্যাসের অণুগুলির আয়তন + পাত্রের আয়তন      D) পাত্রের আয়তন — গ্যাসের অণুগুলির আয়তন।
9.  $E = mc^2$  সূত্রানুসারে শক্তি নির্গত হয়—  
 A) রাসায়নিক বিক্রিয়ায়      B) নিউক্লীয় বিক্রিয়ায়  
 C) রাসায়নিক ও নিউক্লীয়—উভয় বিক্রিয়ায়      D) কোনটিতেই নয়।
10. সকলের বাড়িতে আর্থিং তার ব্যবহার করা হয় কেন?  
 A) বর্তনী সংযোগ সম্পূর্ণ করার জন্য      B) নিরাপত্তার জন্য  
 C) প্রবাহমাত্রা কমানোর জন্য      D) ভোল্টেজ বাড়ানোর জন্য।
11. ফেরিক ক্লোরাইডের হলুদ বর্ণের জলীয় দ্রবণে  $NH_3$  গ্যাস পাঠালে কি কি উৎপন্ন হবে—  
 A) অ্যামোনিয়াম সালফেট ও ফেরিক হাইড্রোক্সাইড      B) অ্যামোনিয়াম ক্লোরাইড ও ফেরিক সালফেট  
 C) অ্যামোনিয়াম ক্লোরাইড ও ফেরিক হাইড্রোক্সাইড      D) অ্যামোনিয়াম নাইট্রেট ও ফেরিক হাইড্রোক্সাইড।
12. মানুষ লোহা ব্যবহারের আগে তামার ব্যবহার শিখেছিল কারণ—  
 A) তামা লোহার থেকে সহজলভ্য      B) তামা, লোহার থেকে হালকা ধাতু  
 C) লোহা অপেক্ষা তামাকে বিশুদ্ধ রাখা সহজ      D) তামা, লোহার থেকে সস্তা।
13. কোন জোড়াটি ঠিক নয়—  
 A) Cu - মুদ্রাধাতু      B) Br - হ্যালোজেন      C) Fe - সন্ধিগত মৌল      D) Na - ক্ষারীয় মৃত্তিকা ধাতু।
14. A, B কে 500 টাকা এবং C কে কিছু টাকা ধার দিলে, 14 বছর পর দুজনের কাছ থেকে মোট সুদ বাবদ A 735 টাকা পেল। বার্ষিক সরল সুদের হার 7% হলে C কে A ধার দিয়েছিল—  
 A) 175 টাকা      B) 200 টাকা      C) 240 টাকা      D) 250 টাকা।
15. একটি আয়তঘনের শীর্ষবিন্দুর সংখ্যা p কর্ণসংখ্যা r ও ধারসংখ্যা s হলে,  $(p+s)^2 - (p+r)^2 - 300 =$  কত?  
 A) -44      B) 44      C) 40      D) 50
16.  $(a+b) : (b+c) : (c+a) = 6:7:8$  হয় এবং  $a+b+c=14$  হয় তবে c এর মান—  
 A) 6      B) 8      C) 14      D) 7
17. একটি মূলধন চক্রবৃদ্ধি সুদের হারে 6 বছরে দ্বিগুণ হলে, একই সুদের হারে কত বছরে মূলধনটি 64 গুণ হবে—  
 A) 30      B) 36      C) 42      D) 48
18. 5, 2, 3, 5, 2, 4, 7, 3, 5, 6, 5 তথ্যের মধ্যমা x ও সংখ্যাগুরুমান y হলে  $x-y$  এর মান—  
 A) 1      B) 2      C) 3      D) 0
19. উর্ধ্বক্রমে সাজিয়ে 9, 10, 12, 15,  $(x+1)$ ,  $(x+3)$ , 32, 35, 36, 40 রাশিতথ্যের মধ্যমা 20 হলে x এর মান—  
 A) 10      B) 12      C) 18      D) 14

X (৩)

20. ABC ত্রিভুজের  $\angle C = 90^\circ$  ও  $AC : BC = 3:4$  হলে  $\text{Cosec}A$  -এর মান হবে—  
 A)  $\frac{5}{3}$  B)  $\frac{5}{4}$  C)  $\frac{3}{4}$  D)  $\frac{3}{5}$
21. নীচের বিবৃতিগুলির মধ্যে কোনটি মিথ্যা?  
 A)  $A \propto B$  এবং  $B \propto C$  হলে  $AB \propto C^2$  হবে B)  $A \propto B$  এবং  $B \propto C$  হলে  $A \propto C$  হবে  
 C)  $A \propto BC$  এবং  $B \propto CA$  হলে  $C \propto AB$  হবে D)  $A+B \propto A-B$  এবং  $A \propto C$  হবে।
22. কোনও বৃত্তের AB ও CD জ্যা দ্বয় পরস্পরকে বহিঃস্থভাবে P বিন্দুতে ছেদ করেছে। যদি  $AB = 6$  সেমি,  $CD = 4$  সেমি এবং  $PD = 5$  সেমি হয় তাহলে PB -এর দৈর্ঘ্য হবে—  
 A) 4 সেমি B) 6.25 সেমি C) 6 সেমি D) 4.5 সেমি।
23. ঈশান 7 মাসে m টাকা খাটায় এবং বছরের বাকী সময় n টাকা খাটায়। শৈলী 9 মাসে n টাকা খাটায় এবং বছরের বাকী সময় m টাকা খাটায়। যদি বছরের শেষে দুজনের লভ্যাংশই সমান হয় তাহলে m ও n এর মধ্যে সম্পর্কটি হল—  
 A)  $m = n + 1$  B)  $m - n = 2$  C)  $m = n$  D)  $m + n = 2$
24. 3 সেমি ও 8 সেমি ব্যাসার্ধ বিশিষ্ট দুটি বৃত্তের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব 13 সেমি। ঐ দুটি বৃত্তের একটি সরল সাধারণ স্পর্শকের বিন্দুদ্বয় P ও Q হলে, PQ রেখাংশের দৈর্ঘ্য—  
 A) 24 সেমি B) 18 সেমি C) 20 সেমি D) 12 সেমি।
25. একটি লম্ব-বৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ক্ষেত্রফলের সাংখ্যমান যত, ঘনফলে সাংখ্যমান তার দ্বিগুণ। শঙ্কুটির উচ্চতা h একক ও ভূমির ব্যাসার্ধ r একক হলে—  
 A)  $h=2$  B)  $h=3$  C)  $h=6$  D)  $h=8$
26. হলে  $\frac{2x+3y}{6x+5y}$  এর মান হবে—  
 A)  $\frac{4}{9}$  B)  $\frac{3}{7}$  C)  $\frac{9}{17}$  D)  $\frac{7}{17}$
27. যে বিশেষ ভূমিরূপটি পর্বতারোহীদের কাছে বিপজ্জনক সেটি হল—  
 A) ঝুলন্ত উপত্যকা B) গিরিখাত C) ক্রেভাস D) ক্রাগ এন্ড টেল।
28. কর্কটক্রান্তি রেখা ভারতের কটি রাজ্যের ওপর দিয়ে কল্পিত হয়েছে—  
 A) 6 টি B) 7 টি C) 8 টি D) 9 টি।
29. নিচের চিত্রটি দেখে যতজন ছাত্র তিনটি বিষয়ে পড়ে তা নির্দেশ কর—



- A) 11 B) 3 C) 4 D) 8
30. নিচের চিত্রগুলি ক্রম অনুসারে চতুর্থ চিত্রটি কোননি হবে?



- A) B) C) D)

31. ভারতীয় মহাকাশ গবেষণার জনক হলেন—  
 A) বিক্রম সারাভাই B) রাকেশ শর্মা C) এম. মেনন D) এস. ধাওয়ান।
32. পানীয় জলের PH মাত্রা কত হওয়া স্বাস্থ্যের পক্ষে উপযোগী—  
 A) 6.5 B) 6.9 C) 5.8 D) 6

## X (8)

33. কোন চিকিৎসক বিজ্ঞানী কলকাতা পি.জি. হাসপাতাল ও কলেজে গবেষণা করে ম্যালেরিয়া জীবাণুর সংক্রমন পদ্ধতি আবিষ্কার করে নোবেল পুরস্কার পান—  
 A) আলেকজান্ডার ফ্লেমিং B) রোনাল্ড বস C) জে.বি.এস হলডেন D) লেভারন।
34. পাগলা দাসু চরিত্রটি কার সৃষ্টি?  
 A) সুকুমার রায় B) উপেন্দ্রকিশোর রায় C) প্রেমেন্দ্র মিত্র D) কাজী নজরুল ইসলাম।
35. ভারতে জাতীয় বিজ্ঞান দিবস কবে পালিত হয়—  
 A) 5 জুন B) 22 শে মে C) 28 শে ফেব্রুয়ারী D) 24 শে এপ্রিল।
36. নিচের কোন ভ্যাকসিনটি ট্রিপল অ্যান্টিজেন—  
 A) DPT B) BCG C) OPV D) TT
37. একজন সুস্থ স্বাভাবিক 45 কেজি ওজনের 18 থেকে 65 বছর বয়স্ক ব্যক্তি বছরে সর্বাধিক কতবার রক্তদান করতে পারেন?  
 A) একবার B) দুইবার C) তিনবার D) চারবার।
38. সারা বিশ্বে পাগলা কুকুরে কামড়ালে যে অ্যান্টিরেবিজ ভ্যাকসিন দেহে প্রয়োগ করে লক্ষ লক্ষ মানুষ প্রাণে বেঁচে যান, সেই অতিমূল্যবান ভ্যাকসিনটি কে আবিষ্কার করেন—  
 A) ডঃ এডওয়ার্ড জেনার B) ডঃ লুই পাস্তুর C) ডঃ নিকলসন D) ডঃ বিধান চন্দ্র রায়।
39. কাজিরাজা ন্যাশনাল পার্ক — কোন রাজ্যে অবস্থিত—  
 A) অসম B) পশ্চিমবঙ্গ C) বিহার D) উত্তরপ্রদেশ।
40. ভারতের জীবন্ত আগ্নেয় গিরি কোনটি—  
 A) নারকভম B) ধবলগিড়ি C) জ্বালামুখী D) ব্যারেন।
41. আমাদের জেলা সদর বহরমপুরের ঘটনা। একটি মহিলার অস্বাভাবিক আচরণ দেখে তার পরিবারের সন্দেহ হল—মেয়েটিকে ভূতে ধরেছে। তারা ওঝার কাছে নিয়ে গেল। ওঝা নিদান দিলেন ঐ মেয়েটিকে মুখে জুতো নিয়ে প্রকাশ্য রাস্তায় হাঁটতে হবে কয়েক কিলোমিটার। বাড়ির লোকের চাপে মেয়েটিকে তাই করতে হয়েছিল। এই ঘটনাটি বিবেচনা করে নিচের কোন মতটি তোমার ঠিক বলে মনে হয়েছে—  
 ক) মেয়েটিকে দিয়ে ঠিক কাজই করানো হয়েছে। এর ফলে ভূতে ধরা ছেড়ে যাবে।  
 খ) এভাবে ভূতে ধরা ছাড়ানো যায় না।  
 গ) ওই ওঝা ভূত ছাড়ানোর উপায়গুলি জানে না। মিছিমিছি মেয়েটিকে কষ্ট দেওয়া হয়েছে।  
 ঘ) ভূতে ধরা বলে কিছু হয় না। মেয়েটিকে ডাক্তারবাবুর কাছে নিয়ে যেতে হত। ওঝার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া উচিত।  
 A) ক B) খ C) গ D) ঘ।
42. আমাদের জেলারই সুতী থানার একটি গ্রামে তের বছরের একটি মেয়ে সাপের কামড়ে মারা যাওয়ার পর তার দেহ কলার ভেলায় চাপিয়ে নদীতে ভাসিয়ে দেওয়া হল। এই ঘটনার প্রেক্ষিতে নিচের কোন বক্তব্যগুলি তোমরা ঠিক নয় বলে মনে হয়—  
 ক) মেয়েটি বেতুলার মত আবার প্রাণ ফিরে পাবে।  
 খ) ধর্মীয় প্রথা মেনে সাপের কামড়ে মৃত মেয়েটির দেহ নদীতে ভাসিয়ে দেওয়া ঠিক হয়েছে।  
 গ) কোন মৃত মানুষই প্রাণ ফিরে পেতে পারে না।  
 ঘ) মৃতদেহ জলে ভাসিয়ে দিয়ে পরিবেশ দূষণ করা খুব অন্যায় কাজ।  
 A) ক ও খ B) খ ও গ C) গ ও ঘ D) খ ও ক।
43. অতি সম্প্রতি আর জি কর হাসপাতালে কর্মরত মহিলা চিকিৎসককে চরম অত্যাচারিত হয়ে খুন হতে হয়। এই ঘটনার প্রতিবাদে এবং দোষীদের উপযুক্ত শাস্তির দাবীতে আমাদের দেশ উত্তাল। বিদেশেও মানুষ এই ঘটনার প্রতিবাদ করছে। এই ঘটনায় নিচের কোনটি বা কোন কোন কারণগুলি সঠিক বলে তোমার মনে হয়—  
 ক) স্কুলের ছাত্রছাত্রীরা খুব ছোট। তাদের লেখাপড়ার বাইরে কিছু করা উচিত নয়।  
 খ) স্কুলের ছাত্রছাত্রীরা ছোট হলেও তাদের ন্যায় অন্যায় বোধ আছে। তাই তাদেরও এই আন্দোলনে সামিল হওয়া উচিত।  
 গ) যে সকল স্কুল ছাত্রছাত্রী এই আন্দোলনে অংশ গ্রহণ করছে, তারা ভুল করছে। তারা রাজনীতির শিকার হয়ে যাচ্ছে।  
 ঘ) দেশের মানুষের আন্দোলন থেকে ছাত্ররা পিছিয়ে থাকলে সমাজের প্রতি অন্যায় করা হয়। তাই এইরকম জঘন্য ঘটনা যাতে আর না ঘটে তার জন্য ছাত্রছাত্রীদেরও পথে নামা দরকার।  
 A) ক B) ক ও গ C) খ ও ঘ D) ঘ।
44. জাতীয় বিজ্ঞান দিবস ও জাতীয় বিজ্ঞানমনস্কতা দিবসগুলি কী কী?  
 ক) 28 শে ফেব্রুয়ারী ও 20 শে আগস্ট খ) 28 শে ফেব্রুয়ারী ও 2 রা অক্টোবর  
 গ) 20 শে আগস্ট ও 5 ই সেপ্টেম্বর ঘ) 5 জুন ও 26 শে সেপ্টেম্বর।  
 A) ক B) খ C) গ D) ঘ

22-9-24 OK

X (৫)

45. বহরমপুর বাসস্ট্যান্ডের পাশে 'ধোপঘাটি' বিল। এই বিলের একপাশে জলের উপর কংক্রিটের পিলার তুলে তিনতলা মার্কেট কমপ্লেক্স নির্মাণ হয়েছে। বিলটির চারিদিকে নানা ভাবে ভরাট করে নির্মাণের কাজ চলছে। এই ঘটনাটির প্রেক্ষাপটে নিচের কোন মতটি সঠিক?  
ক) কাজটি ঠিক না হলেও উন্নয়নের স্বার্থে মেনে নেওয়া উচিত।  
খ) নির্মাণ কাজ অপসারিত করে বিলটিকে আগের অবস্থায় ফিরিয়ে দেওয়া উচিত।  
গ) মানুষের জীবিকার স্বার্থে দোকান-পাট গড়ে তোলা হয়েছে। এতে পরিবেশের ক্ষতি হলেও কিছু করার নেই।  
ঘ) দীঘীটির পাড় ও জলের সামান্য অংশ নির্মাণ কাজে ব্যবহৃত হয়েছে। এতে পরিবেশের কোন ক্ষতি হবে না।  
A) ক B) খ C) গ D) ঘ।
46. মনে কর তুমি ফাঁকা মাঠের মধ্য দিয়ে রাস্তায় হাঁটছ। রাস্তার ধারে একটি মাত্র আমগাছ। হঠাৎ করে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি শুরু হয়ে গেল। তুমি কী করবে?  
ক) ছুটে গিয়ে আমগাছের তলায় আশ্রয় নেব।  
খ) রাস্তা দিয়ে হাটতে থাকবে।  
গ) ফাঁকা জায়গায় স্থির হয়ে দাঁড়িয়ে বজ্রপাতের দৃশ্য দেখতে থাকবে।  
ঘ) ফাঁকা জায়গায় উবু হয়ে বসে পড়বে।  
A) ক B) খ C) গ D) ঘ।
47. আমাদের মহাকাশ বিজ্ঞানীরা বিরল ও সফল চন্দ্র অভিযানের মাধ্যমে গোটা বিশ্বের কাছে সম্মান আদায় করে নিয়েছেন। উন্নত দেশগুলির চন্দ্র অভিযানের তুলনায় খরচও হয়েছে অনেক কম। এই অভিযানে রকেট উৎক্ষেপনের সময় এবং চন্দ্র পৃষ্ঠের অবতরণের সময় দেশজুড়ে পূজো যাগ-যজ্ঞ করতে লাগলেন সাধারণ মানুষ, মন্ত্রী-নেতা, এমন কি বিজ্ঞানীরাও, তবে সকলে নয়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে নিচে উল্লিখিত কোনটি বিজ্ঞানসম্মত?  
ক) চন্দ্র অভিযানে সফলতার কৃতিত্ব সম্পূর্ণভাবে ভারতীয় বিজ্ঞানীদের এই সফলতার সঙ্গে পূজো বা যাগ-যজ্ঞের কোন সম্পর্ক নেই, বরং এর মাধ্যমে বিজ্ঞানকে অস্বীকার করে আলৌকিক শক্তির মহত্ব প্রচার করার চেষ্টা হয়েছে, যা অবৈজ্ঞানিক।  
খ) বিজ্ঞানের সঙ্গে দেবদেবীদের সন্তুষ্ট করার জন্যই এবারে কোন বিফলতা আসেনি।  
গ) বিজ্ঞানীরা যতই চেষ্টা করুক, ভগবানের কৃপা না থাকলে কোন কাজেই সফলতা আসে না। এক্ষেত্রে তাই পূজো আচ্ছা করে ঠিক কাজই করা হয়েছে।  
ঘ) চন্দ্র অভিযানে বিজ্ঞানের সঙ্গে যাগ-যজ্ঞের বিরোধ দেখানো ঠিক নয়। যাগ-যজ্ঞ বা পূজো করার জন্য অভিযান ব্যর্থ হয়েছে এমন তো নয়। কাজে ক্ষতি যখন নেই, তখন যাগ-যজ্ঞ করতে কোন বাধাও নেই।  
A) ক B) খ C) গ D) ঘ।
48. মি. X কর্ণাটকের মানুষ। ইনি কন্নড় ভাষার 'বচন সাহিত্য'-এর একজন খ্যাতনামা মানুষ। ইনি হাম্পিতে কন্নড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন। ইনি 2006 সালে জাতীয় সাহিত্য অ্যাকাডেমি পুরস্কার পেয়েছিলেন। এনার লেখাগুলি কিছু ধর্মান্ধ মানুষ মেনে নিতে পারেননি। তাই তিনি সেই ধর্মান্ধ মানুষদের দ্বারা গুলিবিদ্ধ হয়ে 2015 সালের 30 শে আগস্টে তারিখে মারা যান। এই মি. X কে?  
ক) এম এম কালবুর্গি খ) গৌরী লঙ্কেশ গ) নরেন্দ্র দাভোলকার ঘ) গোবিন্দ পানসারে।  
A) ক B) খ C) গ D) ঘ।
49. রাস্তা সম্প্রসারণের জন্য রাস্তার দু পাশের গাছ কাটা হচ্ছে। বেশির ভাগ ক্ষেত্রেই একটি গাছ কাটলে পাঁচটি গাছ লাগানোর সরকারী নিয়ম সরকারই মানছে না। বহরমপুর থেকে হরিহরপাড়া ও বহরমপুর থেকে শক্তিপুর রাস্তার দু পাশে প্রচুর গাছ কাটা হলেও একটিও গাছ সরকারী উদ্যোগে লাগানো হয়নি। এই ঘটনাটির প্রেক্ষিতে নিচের কোন বিবৃতিগুলি ভুল?  
ক) রাস্তার দু ধার ফাঁকা থাকলে অনেক সুবিধা। যেমন গাছের আড়ালে দুষ্কৃতিকারীরা লুকিয়ে থেকে অনেক অপকর্ম ঘটানোর সুযোগ পেয়ে যায়।  
খ) গাছগুলি না কেটে গাছগুলিকে বাঁচিয়ে রাস্তার সম্প্রসারণ করা অথবা বিশেষ প্রযুক্তি প্রয়োগ করে গাছগুলিকে স্থানান্তরিত করে অন্য জায়গায় লাগানো উচিত।  
গ) রাস্তার সম্প্রসারণের পরিকল্পনা করার পর নতুন করে গাছ লাগিয়ে সেগুলিকে বড় করার পর পুরানো গাছগুলিকে যতটা কমসংখ্যায় কেটে রাস্তা সম্প্রসারণ করা দরকার।  
ঘ) উন্নয়ন করতে গেলে পরিবেশের কিছু সমস্যা হবে। সেটা মেনে নিতে হবে। কাজেই রাস্তার সম্প্রসারণ করতে গেলে গাছ কাটতে হবে। এ নিয়ে হয় হয় করার কিছুই নেই।  
A) ক ও খ B) গ ও ঘ C) ক ও ঘ D) খ ও গ।
50. "বিগত কুড়ি বৎসর ধরিয়ান বেদ, উপনিষদ, পুরান ইত্যাদি সমস্ত হিন্দুশাস্ত্র এবং হিন্দু জ্যোতিষ ও অপরাপর বিজ্ঞান সম্বন্ধীয় প্রাচীন গ্রন্থাদি তন্ন তন্ন করিয়া খুঁজিয়া আমি কোথাও আবিষ্কার করিতে সক্ষম হই নাই যে, এই সমাপ্ত গ্রন্থে বর্তমান বিজ্ঞানের মূল তত্ত্ব নিহিত আছে।" এই 'আমি' কে?  
ক) মেঘনাদ সাহা খ) সত্যেন্দ্রনাথ বসু গ) প্রফুল্লচন্দ্র রায় ঘ) জগদীশচন্দ্র বসু।  
A) ক B) খ C) গ D) ঘ।